আলমডাঙ্গায় বেলগাছি কর্মী সভায় দিলীপ কুমার আগরওয়ালা

আলমডাঙ্গা উপজেলার বেলগাছি ইউনিয়নে কর্মী সমাবেশ করেছেন চুয়াডাঙ্গা-১ আসন থেকে নৌকার মনোনয়ন প্রত্যাশী দিলীপ কুমার আগরওয়ালার অনুসারীরা। গতকাল শুক্রবার বিকালে বেলগাছি মাধ্যমিক বিদ্যালয় মাঠে কর্মী সমাবেশের আয়োজন করা হয়।

বেলগাছি ইউনিয়ন আওয়ামীলীগের সাবেক সাধারণ সম্পাদক নজরুল ইসলামের সভাপতিত্বে প্রধান অতিথী হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ আওয়ামীলীগের কেন্দ্রীয় শিল্প ও বাণিজ্যবিষয়ক উপ-কমিটির সদস্য, এফবিসিসিআই-এর পরিচালক, বাংলাদেশ জুয়েলার্স সমিতি (বাজুস)-এর সাধারণ সম্পাদক, তারাদেবী ফাউন্ডেশনের প্রতিষ্ঠাতা চেয়ারম্যান এবং ডায়মন্ড ওয়ার্ল্ডের ব্যবস্থাপনা পরিচালক দিলীপ কুমার আগরওয়ালা।

দিলীপ কুমার আগরওয়ালা তাঁর বক্তব্যে বলেন, আমার কোন চাওয়া-পাওয়া নেই। আমি আপনাদের এলাকার উন্নয়নে অংশ নিতে নির্বাচন করতে চাই। প্রধানমন্ত্রী শেখ হাসিনার উন্নয়নের অগ্রযাত্রায় শামিল হতে চাই। নৌকা এদেশের উন্নয়নের প্রতীক। আপনারা আপনাদের এলাকার উন্নয়নের জন্য নৌকায় ভোট দিবেন।

তিনি চুয়াডাঙ্গা-১ আসনের এমপি সোলাইমান হক জোয়ার্দ্দার ছেলুনকে স্মরণ করে বলেন, আমি শুনেছি তিনি অসুস্থ। আমি তাঁর রোগমুক্তি কামনা করছি। আমরা আওয়ামীলীগ করি। আমাদের মধ্যে একে-অপরের প্রতি কোন হিংসা-বিদ্বেষ নাই। আমি আপনাদের কাছে নৌকার জন্য ভোট প্রার্থনা করছি। তিনি প্রতিশ্রুতি দেন, প্রধানমন্ত্রী যদি আমাকে সুযোগ দেন তাহলে পাঁচ বছরে আমি স্মার্ট চুয়াডাঙ্গা করে দেখাবো।

কর্মী সমাবেশে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন আলমডাঙ্গা উপজেলা আওয়ামীলীগের সাবেক সাধারণ সম্পাদক আবুল কালাম আজাদ, জামজামি ইউনিয়ন পরিষদের বর্তমান চেয়ারম্যান নজরুল ইসলাম, সাবেক জেলা পরিষদের সদস্য ও জেলা যুবলীগের সদস্য তপন কুমার বিশ্বাস, চুয়াডাঙ্গা সদর উপজেলা কৃষকলীগ নেতা আব্দুল মতিন দুদু, টিপু, স্বপন।

বেলগাছি ইউনিয়ন আওয়ামী লীগের সাবেক সাংগঠনিক সম্পাদক মাহবুবুর

রহমান ও যুবলীগ নেতা শাহীনের উপস্থাপনায় আরো বক্তব্য রাখেন বেলগাছি ইউনিয়ন লীগের সাধারণ সম্পাদক রেজাউল ইসলাম, বীর মুক্তিযোদ্ধা বাকের আলী, ১৪ দলীয় নেতা আনিসুজ্জামান জম, টিপু সুলতান, বেলগাছি ইউপি সদস্য নাজমুল হক বাবলু, হারুন, মিলন হোসেন, রবিউল হক, সার্জন রুহুল আমিন, রেজাউল ইসলাম, গোলাম মহিউদ্দিন আজাদ সাইকা, আব্দুল মজিদ, শ্রী কমল কুমার বিশ্বাস, ইকবাল হোসেন প্রমূখ।

কর্মী সমাবেশ শেষে মানুষের মাঝে ছাতা বিতরণ করেন দিলীপ কুমার আগরওয়ালা।